



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা।

website: www.bmeb.gov.bd

নং-বামাশিবো/কারিকুলাম/২০/২৮৫১

তারিখ: ২২-০৯-২০১৬খ্রি:

বিষয়ঃ দাখিল ও আলিম পরীক্ষা ২০১৭ এর পরীক্ষার সময় বিভাজন সংক্রান্ত।

অত্র বোর্ড এর অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত সকল মাদরাসা প্রধান, কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০১৭ সালের দাখিল ও এসএসসি এবং আলিম ও এইচএসসি পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নের মানবন্টনে পরিবর্তন সাধন করে তা অন-লাইনে প্রকাশ করেছে। এরই বাস্তবতায় অত্র বোর্ড এর আওতায় পরিচালিত দাখিল ও আলিম পরীক্ষায় নিম্নরূপ সময় বিভাজন করা হলোঃ

- ৩০ নম্বরের বহুনির্বাচনি (MCQ) প্রশ্নের ক্ষেত্রে সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে সময় ২ঘণ্টা ৩০মিনিট। অর্থাৎ, MCQ এবং CQ উভয় পরীক্ষার মোট সময় ৩ ঘণ্টা।
- ২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল পরীক্ষার ক্ষেত্রে সময় ২ঘণ্টা ৩০মিনিট। অর্থাৎ MCQ এবং CQ উভয় পরীক্ষার মোট সময় ২ ঘণ্টা ৫৫ মিনিট।
- MCQ এবং CQ উভয় পরীক্ষা বিরতিহীনভাবে প্রশ্নপত্রে বর্ণিত সময় পর্যন্ত চলবে। অর্থাৎ, MCQ এবং CQ প্রশ্নের পরীক্ষার মাঝে কোন বিরতি দেওয়া যাবে না।

ক) সকাল ১০.০০টা অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে

সকাল ০৯.৪৫মিনিট অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শীট বিতরণ।

সকাল ১০.০০মিনিট বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

সকাল ১০.৩০মিনিট বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শীট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় ১০.২৫মিনিট)

খ) দুপুর ০২.০০টা থেকে অনুষ্ঠেয় পরীক্ষার ক্ষেত্রে


দুপুর ০১.৪৫মিনিট অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনি OMR শীট বিতরণ।

দুপুর ০২.০০ মিনিট বহুনির্বাচনি প্রশ্নপত্র বিতরণ।

দুপুর ০২.৩০ মিনিট বহুনির্বাচনি উত্তরপত্র (OMR শীট) সংগ্রহ ও সৃজনশীল প্রশ্নপত্র বিতরণ।

(২৫ নম্বরের বহুনির্বাচনি পরীক্ষার ক্ষেত্রে এ সময় দুপুর ০২.২৫মিনিট)

কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা, কক্ষপরিদর্শক, পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত সময় বিভাজন যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।



(প্রফেসর এ.কে.এম.হায়েফ উল্যা)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

